দৈনিক ইত্তেফাক

তারিখ 23 MAR 1987 পৃষ্ঠা 10 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা

## ১৯৮৬-৮৭ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

১। ১৯৮৬-৮৭ শিক্ষা বর্ষে নিম্নেবর্ণিত অনুষদভুক্ত বিভাগসমূহে ও প্রাণ বিজ্ঞান ইনষ্টিটিউটে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির উদ্দেশ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

কলা ও মানবিকী অনুষদ ঃ বাংলা, ইংরেজী, ইতিহাস এবং দর্শন।

গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ ঃ পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত এবং পরিসংখ্যান।

সমাজ বিজ্ঞান অনুষদ ঃ অর্থনীতি, ভূগোল, সরকার ও রাজনীতি এবং নৃ-বিজ্ঞান।

২। ভর্তির ন্যুনতম যোগ্যতা ঃ ভর্তি হতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে অবশ্যই—

(ক) মাধ্যমিক/সমমানের ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার উভয়টিতে অন্ততঃ দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে; এবং

(খ) যে বিষয়ে সম্মান নিয়ে পড়তে ইচ্ছুক উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সে বিষয়ে অথবা উচ্চ মাধ্যমিক পর্যায়ে সে বিষয় না থেকে থাকলে সংশ্লিষ্ট কোন একটি বিষয়ে কমপক্ষে ৪৫% নম্বর প্রাপ্ত হতে হবে। (ভর্তি নির্দেশিকায় সংশ্লিষ্ট বিষয় সম্পর্কিত বিবরণ পাওয়া যাবে)

পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিভাগে ভর্তি প্রার্থীদের অতিরিক্ত শর্ত হিসাবে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিতে কমপক্ষে যথাক্রমে ৩৬% ও ৩৩% নম্বর থাকতে হবে।

(গ) উপরের (ক) ও (খ)-তে বর্ণিত যোগ্যতা থাকলেও ১৯৮২ সনের পূর্বে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন ছাত্র/ছাত্রীর ভর্তির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৩। ২-৪-৮৭ ইং তারিখ হতে ১৬-৪-৮৭ ইং তারিখের মধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অঙ্গনে অবস্থিত অগ্রণী ব্যাংকের শাখায় এবং উক্ত ব্যাংকের ঢাকাস্থ নিউমার্কেট, ফার্মগেট, ওয়ারী (কাওরান বাজার), গ্রীনরোড ও মহাখালী শাখাসমূহে প্রতি কপি ভর্তির আবেদনপত্র ও প্রতি কপি ভর্তি-নির্দেশিকার মূল্য বাবদ মোট ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে ভর্তির আবেদনপত্র ও ভর্তি নির্দেশিকা সংগ্রহ করা যাবে।

৩টি অনুষদে ও প্রাণবিজ্ঞান ইনষ্টিটিউটে ভর্তির জন্য পৃথক পৃথক আবেদনপত্র সংগ্রহ করতে হবে। প্রয়োজনীয় যোগ্যতা থাকলে একজন প্রার্থী সব কয়টি অনুষদ ও ইনষ্টিটিউটে আবেদন করতে পারবে, কিন্তু কোন অনুষদের তিনটির বেশী বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৪। যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অঙ্গনে অবস্থিত জাকসু ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে ২-৪-৮৭ ইং তারিখ হতে ১৬-৪-৮৭ ইং তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত জমা দেয়া যাবে।

প্রাথমিক আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর পাসপোর্ট আকারের চারটি প্রত্যায়িত ছবি সংযোজন করে দিতে হবে। স্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ বা ভুল তথ্যসম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। ভর্তির জন্য প্রার্থী নির্বাচন পদ্ধতি ও ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

৬। লিখিত পরীক্ষা ২৩-৪-৮৭ ইং তারিখ হতে ২৯-৪-৮৭ ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এর বিস্তারিত সময়সূচী যথাসময়ে সংবাদপত্রের মাধ্যমে জানান হবে।

৭। প্রার্থীদেরকে ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিজ নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ে আসা-যাওয়া করতে হবে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের যাতায়াতের জন্য কোন প্রকার যানবাহনের ব্যবস্থা করবে না।

স—৯৩২

উপ-রেজিষ্ট্রার (একাডেমিক)।

046